# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 17-05-2025 Time: 7.50 P.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) অপারেশন সিন্দুরের প্রেক্ষাপটে সন্ত্রাসবাদ মোকাবিলায় ভারতের অবস্থান বিশ্বমঞ্চে তুলে ধরতে কেন্দ্রীয় সরকার ৭ টি সর্বদলীয় প্রতিনিধি দল বিভিন্ন দেশে পাঠাচ্ছে।

২) অপারেশন সিন্দুরের সাফল্য উদযাপন ও সেনাবাহিনীকে সম্মান জানিয়ে বিজেপির তিরঙ্গা যাত্রায় আজ অংশ নেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এবং শান্তনু ঠাকুর।

৩) খাস জমির বেআইনী হস্তান্তর ঠেকাতে রাজ্য সরকার বাংলার ভূমি পোর্টালটিকে কাজে লাগাবে।

৪) অমৃত ভারত স্টেশন প্রকল্পের আওতায় আসছে শিয়ালদা ডিভিশনের ১৮ টি স্টেশন।

৫) স্বাভাবিক সময়ের আগেই রাজ্যে বর্ষা প্রবেশ করতে পারে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

---

অপারেশন সিঁদুরের প্রেক্ষাপটে ও সীমান্ত পারের সন্ত্রাসবাদ মোকাবিলায় ভারতের কঠোর অবস্থান আন্তর্জাতিক মঞ্চে আরও জোরদারভাবে তুলে ধরতে সাতটি সর্বদলীয় প্রতিনিধি দল রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের সদস্য-সহ একাধিক গুরুত্বপূর্ণ বন্ধু রাষ্ট্র সফরে যাচ্ছে । প্রতিটি দলে বিভিন্ন রাজনৈতিক দলের সাংসদ, কূটনীতিক এবং অভিজ্ঞ

রাজনৈতিক ব্যক্তিত্বরা থাকবেন। প্রতিনিধি দলগুলিকে নেতৃত্ব দেবেন কংগ্রেসের শশী থারুর, বিজেপির রবি শঙ্কর প্রসাদ ও বৈজয়ন্ত পাণ্ডা, জেডিইউ-র সঞ্জয় কুমার ঝা, ডিএমকের কনিমোড়ি করুণানিধি, এনসিপির সুপ্রিয়া সূলে এবং শিবসেনার শ্রীকান্ত একনাথ শিন্ডে।

এই দলগুলি ভারতের জাতীয় ঐকমত্য ও সন্ত্রাসবাদবিরোধী দৃঢ় অবস্থান তুলে ধরবে। 'জিরো টলারেন্স' নীতির ভিত্তিতে সব ধরনের সন্ত্রাসবাদের বিরোধিতার বার্তা বহন করবে।

---------------------------

পহেলগাঁওয়ে সাধারণ মানুষের উপর জঙ্গিদের নৃশংস হত্যাকাণ্ডের বিরুদ্ধে ভারত যোগ্য জবাব দিয়েছে, বলে উল্লেখ করেছেন এভারেস্ট, কাঞ্চনজঙ্ঘা জয়ী অর্জুন সম্মানে ভূষিত পর্বতারোহী দেবাশীষ বিশ্বাস। আকাশবাণীকে তিনি বলেন, অপারেশন সিন্দুর প্রমাণ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে আগামী প্রজন্মের কাছে একটি শক্তিশালী ভারত আমরা উপহার রেখে যেতে পারবো।

বাইট দেবাশীষ বিশ্বাস।

---------------------------

অপারেশন সিন্দুরের সাফল্য উদযাপন এবং সেনাবাহিনীকে সম্মান জানিয়ে রাজ্যের বিভিন্ন অংশে বিজেপির তেরঙ্গা যাত্রা চলেছে।

নদীয়ার কৃষ্ণনগরে চ্যালেঞ্জ মোড়ে আজ এই কর্মসূচীতে অংশ নেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার। তিনি বলেন, রাজ্য সরকার সুপ্রিম কোর্টের রায় পরিবর্তন করতে পারবে না। অথচ দেখানো হচ্ছে যেন, রাজ্য সরকারের হাতে সব ক্ষমতা

রয়েছে। রাজ্য সরকার বারবার চাকরি প্রার্থীদের বোকা বানাচ্ছে বলে তিনি মন্তব্য করেন।

বাইট

এদিকে, উত্তর ২৪ পরগণার বনগাঁয় আজ তেরঙ্গা যাত্রা বের করা হয়। নেতৃত্ব দেন কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। বনগাঁর জয়ন্তীপুর বাজারে শুরু হয়ে মিছিল শেষ হবে পেট্রোপোল নো ম্যানস ল্যান্ডে।

--------------------------

পহেলগাঁওতে সন্ত্রাসবাদী হামলার জবাবে ভারতের সামরিক অভিযানের প্রেক্ষিতে বীর যোদ্ধাদের শ্রদ্ধা জানিয়ে আজ তৃণমূল কংগ্রেসের তরফে রাজ্যের বিভিন্ন অংশে মিছিল করা হয়েছে। দেশের সার্বভৌমত্ব, অখন্ডতা ও ধর্ম নিরপেক্ষতার দাবির সঙ্গে সঙ্গে এদিন শহীদদের প্রতিও শ্রদ্ধা জানানো হয়। আগামীকালও বিভিন্ন ব্লকে মিছিলের আয়োজন করা হবে বলে জানা গেছে।

কলকাতার গার্ডেনরিচ এলাকায় আয়োজিত পদযাত্রায় অংশ নেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম।

--------------------------

চাকরিহারা শিক্ষক শিক্ষিকাদের স্কুলে ফেরানোর দাবিতে আজ তাঁদের আন্দোলনে সামিল হলেন ছাত্রছাত্রীরাও। বিকাশ ভবনের সামনে অবস্থান মঞ্চে ছাত্রছাত্রীদের ক্লাসও নিয়েছেন আন্দোলনরত শিক্ষক-শিক্ষিকারা।

শিক্ষকদের আন্দোলনের সহমর্মিতা জানাতে আজ বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা করুণাময়ী থেকে মিছিল করে বিকাশ ভবনে যায়। শিক্ষকদের স্কুলে ফেরানোর দাবি জানায় তারা।

যোগ্য শিক্ষক অধিকার মঞ্চের আহ্বায়ক মেহবুব মন্ডল জানান, সন্তানসম ছাত্র-ছাত্রীরা চাকরি হারা শিক্ষকদের যন্ত্রণার কথা উপলব্ধি করে পাশে এসে দাঁড়িয়েছে।

অন্যদিকে, আগামী সপ্তাহে সুপ্রিম কোর্টে রিভিউ পিটিশন দাখিল করা হতে পারে বলে যোগ্য শিক্ষক অধিকার মঞ্চের তরফে জানা গেছে।

--------------------------

চাকরীহারা শিক্ষকদের উপর পুলিশী আক্রমণ নিয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করেছেন পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো। এই ঘটনায় দোষীদের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার অনুরোধ করেছেন তিনি। শ্রী মাহাতো বলেন, এ ধরণের আচরণ শুধুমাত্র শিক্ষক সমাজের প্রতি ন্যায়বিচারের বিষয়ে নয়, বরং সমগ্র সমাজে পুলিশের নিরপেক্ষতা, আইনের শাসন এবং নাগরিক অধিকার রক্ষার বিষয়।

--------------------------

বিকাশ ভবনের সামনে চাকরীহারা শিক্ষক-শিক্ষিকাদের ওপর পুলিশের লাঠিচার্জে অসন্তোষ প্রকাশ করেছেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ আরও সংবেদনশীল হতে পারতো বলে এদিন মন্তব্য করেন বিমান বাবু। পাশাপাশি বিকাশভবনের গেটের তালা ভেঙে ফেলাকেও তিনি সমর্থন করতে পারেন না বলে জানিয়েছেন।

--------------------------

চাকরীহারা শিক্ষকদের ওপর পুলিশি লাঠিচার্জের প্রতিবাদ সহ একাধিক দাবিতে প্রদেশ যুব কংগ্রেস আজ কলকাতায় রাজভবন অভিযান করে। যুব কংগ্রেসের সহ সভানেত্রী সাহিনা জাভেদের নেতৃত্বে মিছিল ধর্মতলা থেকে রাজভবনের দিকে এগিয়ে গেলে পুলিশ ব্যারিকেড করে তাদের আটকে দেয়। শুরু হয় বাকবিতন্ডা। ৫৬ জন যুব কংগ্রেস কর্মীকে আটক করা হয়েছে বলে দলীয় সূত্রে জানানো হয়েছে।

---------------------------

ভোটার তালিকায় সংযোজন বিয়োজনের কাজে অবৈধ হস্তক্ষেপের দায়ে এক আধিকারিককে সাসপেন্ড করার পর নির্বাচন কমিশন আজ সংশ্লিষ্ট কাজের দ্বায়িত্বে থাকা সমস্ত আধিকারিকদের নিয়ে এক প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধি কর্মশালার আয়োজন করে। কলকাতার অহিন্দ্র মঞ্চে মোট ১১৬ জন নির্বাচনী আধিকারিক প্রশিক্ষণে অংশ নেন, যার মধ্যে ছিলেন ১২ জন সিস্টেম ম্যানেজার, ৪৯ জন অ্যাসিস্ট্যান্ট সিস্টেম ম্যানেজার এবং ৫৫ জন ডেটা এন্ট্রি অপারেটর। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল অনুষ্ঠানের সূচনা করেন। উদ্বোধনী ভাষণে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক বলেন, নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখতে তথ্য প্রযুক্তির যথাযথ ব্যবহার অত্যন্ত জরুরি।

---------------------------

স্পটলাইট অনুষ্ঠানে এবারের বিষয় ‘অপারেশন সিন্দুর’-এর সাফল্য। আলোচনায় অংশ নিয়েছেন সেনাবাহিনীর প্রাক্তন কর্নেল সব্যসাচী বাগচী এবং বিমানবাহিনীর প্রাক্তন আধিকারিক শ্যামল ভট্টাচার্য। সাক্ষাৎকার নিয়েছেন সন্দীপন দাশগুপ্ত। অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনতে পাবেন সাক্ষাৎকার নিয়েছেন প্রচারতরঙ্গে আগামীকাল রবিবার রাত আটটা

বেজে ৩০ মিনিটে। একই সঙ্গে আকাশবানী সংবাদের সব সোশ্যাল মিডিয়া পেজে অনুষ্ঠানটি একযোগে প্রচারিত হবে।

--------------------------

সরকারি খাস জমির বেআইনি হস্তান্তর আটকাতে রাজ্য সরকার বাংলার ভূমি পোর্টালটিকে কাজে লাগানোর সিদ্ধান্ত নিয়েছে। কোন জায়গায় কোন সরকারি দফতরের কত পরিমাণ জমি রয়েছে, পোর্টালে তার সমস্ত তথ্য আপলোড করা হবে বলে সরকারি সূত্রে জানা গেছে। ফলে সাধারণ মানুষ পোর্টাল থেকে সরকারি জমির যাবতীয় খতিয়ান পেয়ে যাবেন। জমি কেনার সময় কেউ ঠকছেন কি না বা সরকারি জমির চরিত্র বদল করে বিক্রি করে দেওয়া হচ্ছে কি না, সেই সম্পর্কে ক্রেতারা স্পষ্ট ধারণা পাবেন।

--------------------------

রেল ও প্রতিরক্ষা পরিকাঠামো নির্মাণ সামগ্রী উৎপাদনের জন্য একটি বেসরকারি শিল্প সংস্থা রাজ্যে আড়াইশো কোটি টাকা বিনিয়োগ করবে বলে জানা গেছে। কসমিক বিড়লা নামে ঐ গোষ্ঠী বাঁকুড়ার বড়জোড়ায় একটি বন্ধ কারখানার ১০ একর জমির ওপর ২৫ হাজার মেট্রিক টন উৎপাদন ক্ষমতার ঐ কারখানা নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে বলে শিল্প ও বাণিজ্য দপ্তর সূত্রে জানা গেছে। এর মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় সাতশো কর্ম সংস্থান হবে বলে শিল্প ও বাণিজ্য দপ্তর জানিয়েছে।

--------------------------

আবাস যোজনার সরকারি টাকা নিয়েও বাড়ি তৈরি না করায় ৫২৪ জনকে টাকা ফেরত দেওয়ার নোটিশ পাঠিয়েছে উত্তর দিনাজপুরের রায়গঞ্জ পুরসভা। নির্দিষ্ট সময়ের

মধ্যে ঐ টাকা সরকারি কোষাগারে জমা না পড়লে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে এফআইআর দায়ের করা হবে বলেও জানানো হয়েছে।

উল্লেখ্য ২০১৫-১৬ অর্থবর্ষ থেকে ২০২১-২২ অর্থবর্ষ পর্যন্ত রায়গঞ্জ পুর এলাকায় মোট ৯ হাজার ৪৭৪ জনকে প্রধানমন্ত্রী আবাস যোজনার আওতায় আনা হয়। পরে বিভিন্ন কারণে বাদ পড়ে ১৪ শো জনের নাম। বাকি ৮ হাজার ৭৪ জন ঘর তৈরির টাকা পেলেও সমীক্ষায় দেখা যায় যে, ৫২৪ জন সেই টাকা দিয়ে বাড়ির কাজ শুরু করেননি।

-------------------------

ট্যাংরায় দে পরিবারে ৩ সদস্যকে সদস্যকে খুনের অভিযোগে বাড়ির বড় ছেলে প্রণয় দে-কে গ্রেফতার করেছে ট্যাংরা থানার পুলিশ। আজ প্রনয় দে নীলরতন সরকার হাসপাতাল থেকে ছাড়া পাবার পরই পুলিশ তাকে গ্রেপ্তার করে। প্রণয়কে আদালতে তোলা হলে, তিরিশে মে পর্যন্ত জেল হেপাজত হয়েছে। এরআগে প্রনয়দের ছোটোভাই কেও পুলিশ গ্রেপ্তার করেছে।

-------------------------

কলকাতার শ্যামপুকুর থানা এলাকায় নিবেদিতা লেনে, আজ সকালে এক নির্মিয়মান বাড়ির একতলা থেকে অগ্নি দগ্ধ দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। পোড়া গন্ধ পেয়ে স্থানীয়রা সেখানে গিয়ে দেহটি দেখতে পান। পুলিশে খবর দেওয়া হলে মৃতদেহটি নিয়ে যাওয়া হয়। কিভাবে এই ঘটনা ঘটল পুলিশ তা খতিয়ে দেখছে।

এদিকে, বেকবাগানে একটি বহুতল ভবনের ছ-তলায় আজ দুপুরের পর ভয়াবহ আগুন লাগে। দমকলের পাঁচটি গাড়ি আগুন নিয়ন্ত্রনে আনে। এজেসি বোস ফ্লাই ওভার থেকে জল দেওয়া হয়। বাইরে থাকা তিনটি এসি আউট ডোর

ইউনিট সম্পূর্ণ পুড়ে গেছে। বিকেল ৪ টে ৩৫ মিনিট নাগাদ আগুন নিভেছে বলে আমাদের প্রতিনিধি জানিয়েছেন। হতাহতের কোনো খবর নেই।

-------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২২ মে অমৃত ভারত স্টেশন প্রকল্পের আওতায় যে একশো তিনটি স্টেশন জাতির উদ্দেশে উৎসর্গ করবে তারমধ্যে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের কল্যানী ঘোষ পাড়া স্টেশন রয়েছে। ইতিমধ্যে ওই স্টেশনের আধুনিকীকরণের সব কাজ প্রায় শেষ। স্টেশনের সমস্ত উন্নয়ন মূলক কাজ পরিদর্শনের পর আজ শিয়ালদা ডিভিশনের বরিষ্ঠ জন সংযোগ আধিকারিক একলব্য চক্রবর্তী বলেন, শিয়ালদা ডিভিশনের মোট ১৮ টি স্টেশন কে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে।

বাইট একলব্য চক্রবর্তী

-------------------------

স্বাভাবিক সময়ের আগেই রাজ্যে বর্ষা আসার অনুকূল পরিবেশ তৈরি হয়েছে। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন, দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু আজই দক্ষিণ ও দক্ষিণ পূর্ব আন্দামান সাগরে পৌঁছেছে।

বাইট

আগামী কয়েকদিন রাজ্যের দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বজ্রবিদ্যুত্ সহ ঝড়বৃষ্টির পূর্বাভাস রয়েছে। কোথাও কোথাও ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা। আজ ঝড়বৃষ্টির কমলা সতর্কতা জারি হয়েছে পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমানে।